

ইন্টারনেট ব্যবহার করতে পছন্দ করেন না এমন ব্যবহারকারী বর্তমানে খুঁজে পাওয়া কঠিন। কারণ, ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে একজন ব্যবহারকারী তার অনেক গুরুত্বপূর্ণ কাজ খুব সহজেই করতে পারেন এবং নিম্নেই একাধিক থেকে অন্যত্রান্তে তথ্য, মেইল, ছবিসহ গুরুত্বপূর্ণ ফাইল পাঠাতে পারেন। তাই ব্যবহারকারীরা প্রায় সময় ইন্টারনেটের ওপর বিভিন্ন টিপ ও ট্রিকসহ বিভিন্ন ধরনের টিউটোরিয়াল খুঁজে থাকেন, বিভিন্নভাবে নিজে থেকে আপগ্রেড করে নেন। ইন্টারনেট ব্যবহারকারীদের জন্য এমন কিছু টিপ ও ট্রিক নিয়ে নিচে আলোচনা করা হয়েছে, যা ব্যবহারকারীর ইন্টারনেট ব্যবহারকে আরো সহজ ও সমৃদ্ধ করাসহ শ্রম ও সময় দুটাই বাঁচাবে। অনেক ব্যবহারকারী আহ্বান, যারা গতানুগতিকভাবে ইন্টারনেট ব্যবহার করছেন বছরের পর বছর। কিছু দরকারি টিপ ও ট্রিক এবং শর্টকাট জানা না থাকায় ইন্টারনেট ব্যবহারে বেশ কিছু সময় ব্যয় করে থাকেন। যেসব ব্যবহারকারীর মধ্যে প্রোগ্রামার রয়েছেন তাদের এসব ট্রিক জানা থাকলে কোডিংয়ের ক্ষেত্রে আপনার সময় ও কষ্ট দুটাই বাঁচবে।

http:// এবং www বাদ দেয়া : আমাদের মধ্যে অনেকেই কোনো ওয়েবসাইট ভিজিট করার সময় http:// এবং www এই দুটি বা যেকোনো একটি ব্যবহার করে ভোমেইন নেম টাইপ করে থাকেন। কিন্তু বর্তমানে ব্রাউজারে তথু ভোমেইন নেম দিয়ে এটার চাপলেই ওই ওয়েবসাইটে গ্রবেশ করতে পারবেন। এর জন্য আপনাকে http:// এবং www ব্যবহার করে হতে না। আর যদি ভুলকম কোনো ভোমেইনে ভিজিট করতে চান, তাহলে ভোমেইন নামটি টাইপ করে Ctrl+Enter চাপলে স্বয়ংক্রিয়ভাবে ভোমেইনের অংশ ও পরে http://www এবং .com চলে আসবে। যেমন অ্যাড্রেসবারে google টাইপ করে Ctrl+Enter চাপলে আউটপুট দেখতে পারবেন। এটি তথু .com ভোমেইনের ক্ষেত্রে প্রযোজ্য।

স্মৃতিস্তার সাথে ফিন্ড ভিজিট করা : ওয়েবসাইটে ভিজিটের ক্ষেত্রে আমরা কিবোর্ডের পাশাপাশি মাউস বেশি ব্যবহার করে থাকি। ফলে এক মেনু থেকে অন্য মেনু বা ফর্মের এক ফিন্ড থেকে অন্য ফিন্ডে যাওয়ার জন্য মাউস ব্যবহার করে থাকি। কিন্তু ব্যবহার মাউস ও কিবোর্ড ব্যবহার সময় নষ্ট করে এবং এটি একটু বিরক্তিকরও বটে। আবার অন্যফিন্ডে যাবার কোনো কারণে মাউস নষ্ট হয়ে যায়, তারা তথু কিবোর্ড ব্যবহার করে ওয়েবসাইট ভিজিট করতে পারেন না। সেক্ষেত্রে ট্যাব কি ব্যবহার করে বিভিন্ন ধরনের অ্যাকশনশেবের আইকন, পেজ, ফর্ম ফিন্ড, মেনু থেকে মেনু ভিজিট করতে পারেন। আবার উল্লেখযোগ্য ফিন্ডগুলো সিলেক্ট করার জন্য Shift+Tab কি ব্যবহার করতে পারেন।

ইন্টারনেট ব্রাউজার শর্টকাট : ইন্টারনেট ব্রাউজারের জন্য প্রচুর শর্টকাট কি রয়েছে, তবে এর মধ্যে উল্লেখযোগ্য বেশ কিছু প্রয়োজনীয় শর্টকাট এখানে তুলে ধরা হয়েছে।



ইন্টারনেট ও কমপিউটার ব্যবহারকারীদের জন্য কিছু টিপস

মোহাম্মাদ ইশতিয়াক জাহান

০১. ওয়েবসাইট ভিজিট করার কোনো এক সময় উক্ত উইন্ডোতেই অন্য ইউআরএল টাইপ করার প্রয়োজন হয়ে থাকলে আমরা মাউস ব্যবহার করে অ্যাড্রেস বারটি সিলেক্ট করে নতুন ইউআরএলটি টাইপ করে থাকি। কিন্তু Alt+D কি ব্যবহার করে সহজেই উক্ত অ্যাড্রেস বারকে সিলেক্ট করা যায়। এর জন্য আলাদাভাবে মাউস দিয়ে অ্যাড্রেস বারে ক্লিক করতে হবে না।

০২. পেজের ফন্ট সাইজ বড় বা ছোট করার জন্য "Ctrl+" বা "Ctrl-" ব্যবহার করতে পারি। অথবা Ctrl Key-কে চাপলে মাউসের জল ব্যবহার করেও ফন্ট ছোট-বড় করতে পারি।

০৩. ওয়েবসাইট ভিজিট করার ক্ষেত্রে যদি আগের পেজে ফিরে যাওয়ার প্রয়োজন হয় তাহলে বাক বটমেনে ক্লিক করে থাকি। কিন্তু Alt key + left arrow ব্যবহার করেও ব্রাউজারের পেছনের পেজে যেতে পারবেন।

০৪. কাজের প্রয়োজনে ওয়েবসাইট রিফ্রেশ করার প্রয়োজন হতে পারে। তথু F5 কি ব্যবহার করে ওয়েবপেজকে রিফ্রেশ করতে পারেন।

০৫. F11 ব্যবহার করে ইন্টারনেট ব্রাউজারকে ফুল স্ক্রিনে কনভার্ট করা যায়।

০৬. কোনো ওয়েবসাইট বুকমার্ক করার জন্য Ctrl+B চাপুন বা ওয়েবপেজে কোনো কিছু সার্চ করার জন্য Ctrl+F ব্যবহার করুন।

ট্যাব ব্রাউজিং : ব্রাউজারের ক্ষেত্রে এক ট্যাব থেকে অন্য ট্যাবে যাওয়ার জন্য অর্থাৎ এক ট্যাব থেকে সাসনের ট্যাবে যাওয়ার জন্য Ctrl+Tab চাপুন এবং পেছন দিকের ট্যাব সিলেক্ট করার জন্য Shift+Ctrl+Tab কি ব্যবহার করতে হবে।

ওপেনে কমান্ড উইন্ডো : কাজের প্রয়োজনে অনেক সময় বিভিন্ন কোডারের লোকেশনে কমান্ড মোডে গ্রবেশ করার প্রয়োজন হয়। তখন রাশে ক্লিক করে cmd টাইপ করে কমান্ড মোড

অন করে ওই লোকেশনে ভিজিট করতে হয় এবং লোকেশনটি সঠিকভাবে টাইপ করতে হয়। এ ধরনের বামেগা থেকে মুক্তির জন্য প্রথমে ওই কোডারের লোকেশনে গ্রাফিক্যাল মোডে গ্রবেশ করুন। এবার Shift কি চেপে মাউসের ডান ক্লিক করুন। এতে যে মেনু বের হবে ওখান থেকে Open command window here অপশনটি সিলেক্ট করুন। এতে যে লোকেশনের কোডারে আছেন উক্ত কোডারটির লোকেশনসহ কমান্ড মোডটি চালু হবে।

কমান্ড লাইনে ক্রিপবার ক্রিয়ায় করা : কমান্ড লাইন ব্যবহার করে উইন্ডোজ ক্রিপবোর্ড পরিষ্কার করতে পারেন। কমান্ড লাইনে echo off clip ব্যবহার করার পর ক্রিপবোর্ড থেকে সব কনটেন্ট মুছে যাবে।

উইন্ডোজ এক্সপ্রোরার প্রিভিউ প্যান : উইন্ডোজ এক্সপ্রোরারের প্রিভিউ প্যান ব্যবহার করা হয় কোনো ছবি ওপেন না করে তথু সিলেক্ট করে ছবিটির প্রিভিউ দেখার জন্য। উইন্ডোজ এক্সপ্রোরারের প্রিভিউ প্যান চালু বা বন্ধ করার জন্য Alt+F শর্টকাট কি ব্যবহার করুন।

কমান্ড লাইন ব্যবহার করে ওয়েবসাইট ভিজিট করা : ইন্টারনেট ব্যবহার করার জন্য আমরা সাধারণত ইন্টারনেট এক্সপ্রোরার, ফায়ারফক্স মজিলা, অপেরা ইত্যাদি ওয়েব ব্রাউজার ব্যবহার করে থাকি। কিন্তু অনেকেই কমান্ড মোড থেকে ওয়েবসাইট ভিজিট করার টেকনিকটি জানেন না। কমান্ড লাইনে থেকে ওয়েবসাইট ভিজিট করার জন্য start http://www.google.com/ অথবা start www.google.com টাইপ করে এটার কি চাপুন। এতে আপনার ডিফল্ট ওয়েব ব্রাউজারে ওই ওয়েবসাইটটি প্রদর্শিত হবে।

ফিডব্যাক : rony446@yahoo.com